সোনালী ব্যাংক পিএলসি.

বিশ্বস্ত ও স্মার্ট



সোনালী ব্যাংক পিএলসি
স্থানীয় কার্যালয়,ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণ গ্রহিতার নাম ও পিতার নামঃ মোঃ বদিউজ্জামান (জি-৪২০৬৫), প্রিন্সিপাল অফিসার,
পিতাঃ শেখ গোলাম হাসিব।

বর্তমান ঠিকানা ঃ হোল্ডিং নং-৩৩৭/২, পূর্ব গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯।

স্থায়ী ঠিকানা ঃ গ্রাম: বাবুরগাতী, পোঃ কাঠী বাজার, থানা: গোপালগঞ্জ সদর, জেলাঃ গোপালগঞ্জ।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতার ঋণ হিসাবে ৩১/১০/২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১,২৬,৯৬,৪৬৫.০০ (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত পয়ষট্টি টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে নিম্নতফসিলভূক্ত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি(নির্মানাদিসহ) অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণকে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

ঃ বন্ধকীকৃত সম্পত্তির (ফ্ল্যাট) তফসিল ঃ

জেলা– ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রি অফিসঃ খিলগাঁও, ঢাকা কালেক্টরীর তৌজীভূক্ত। মৌজা-গোড়ান , জে. এল নং- সি এস-২৮৮, এস এ-১২২, আর এস-২, ঢাকা সিটি জরিপ-৪, খতিয়ান নং-সিএস-১২২, এস এ-২১৪, আর এস-১২৭৯। ঢাকা সিটি জরিপে-১৫৭৫, নামজারী খতিয়ান নং-৮৬৪১, জোত নং-১৪০/৫১। দাগ নং-সি এস ও এস এ-১৪১, আর এস-২৬৫২,, ঢাকা সিটি জরিপ দাগ নং-৪৭৯১। মোট ৭৯৬ অযুতাংশ ভূমির উপর নির্মিত সাজেদা কবীর গোল্ডেন হাইটস নামীয় এপার্টমেন্ট প্রকল্পের ০৯ (নয়) তলা বিশিষ্ট আবাসিক ভবনের ৩য় তলার উত্তর দিকের কমন স্পেসসহ ১৫০০ বর্গফুট (৩টি বেডরুম, ১টি ড্রয়িং রুম, ৩ টি বাথরুম, ৩ টি বারান্দা ও ১ টি রান্নাঘর) আয়তনের টাইপ-২/এ নং ফ্ল্যাট ও নীচতলায় ১২০ বর্গফুটের ১ টি কার পার্কিং স্পেস অর্থাৎ পার্কিংসহ ১৬২০ বর্গফুট আয়তনের ফ্ল্যাট ও তৎসংলগ্ন মোট ভূমির কাতে অবিভক্ত, অচিহ্নিত হারাহারি ভূমির পরিমান ০০৪৯.৫০ (উনপঞ্চাশ দশমিক পাঁচ শূন্য) অযুতাংশ ভূমি ও যাবতীয় সকল নাগরিক ব্যবহার ও ভোগের সুবিধাদি বন্ধকীকৃত।

চৌহদ্দিঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-মোঃ কাজল, পূর্বে-ফয়সাল গং, পশ্চিমে-হোল্ডিং নং-৩৩১ পূর্ব গোড়ান।

ঠিকানাঃ হোল্ডিং নং- ৩৩৭/২, পূর্ব গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯।

শর্ত সমূহ ঃ

০১. আগামী ২৪-১১-২০২৬ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, কর্মচারী ঋণদান ও আদায় বিভাগ, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত কার্যালয়ে পোছাইতে হবে।

০২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট মূল্য উল্লেখ কারতে হইবে।

০৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হলোঃ

	আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ	*অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা*
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০দিনের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০দিনের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০দিনের মধ্যে

০৪. দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে,উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ আহবান করা হইবে,এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা(আহূত হইবার পর ০৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫. দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তবকৃত মূল্য অস্বাভাবিক কম বা অপর্যাপ্ত প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬. দরদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্থান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন,দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবিত মূল্যের উপর মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করতে হবে।

০৮. ঋণগ্রহীতর নিকট নিলামতব্য সম্পত্তি সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ,গ্যাস, পানির বিল,পৌরকর,ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

০৯. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তির সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার
কর্মচারী ঋণদান ও আদায় বিভাগ